

ফরাসি বিপ্লব কালে ফ্রান্সের বিভিন্ন রাজনৈতিক দল ও গোষ্ঠী।

১৭৮৯ খ্রিস্টাব্দে ফ্রান্সে স্টেটস্ জেনারেল বা জাতীয় মহাসভার অধিবেশন আহত হলে তৃতীয় শ্রেণীভুক্ত মধ্যবিত্ত বা বুর্জোয়ারা 'ন্যাশনাল' বা 'পেট্রিয়টিক' দল গঠন করে। লাফায়েৎ, মিরাবো, তালেরা, অ্যারে সিয়েস প্রমুখ বেশ কয়েকজন উদারপন্থী অভিজাত এই দলে যোগ দেন। এই দল নিয়মতান্ত্রিক রাজতন্ত্রে বিশ্বাসী ছিল এবং জাতীয় মহাসভার অধিবেশনে তারা মাথাপিছু ভোটের দাবি জানায়। এই দলের উদ্যোগেই ১৭৯১ খ্রিস্টাব্দের সংবিধান রচিত হয়। তারা মনে করত যে, ১৭৯১-এর সংবিধান রচিত হওয়ার ফলে বিপ্লবের সমাপ্তি ঘটেছে। অপরপক্ষে, উগ্রপন্থীরা মনে করত যে, সবেমাত্র বিপ্লবের সূচনা হয়েছে।

এই উগ্রপন্থী বিপ্লবীরা 'সোসাইটি অব দি ফ্রেন্ড অব দি কনস্টিটিউশন' নামক একটি বিতর্ক সভার সদস্য ছিল। জেকোবিন মঠে এদের সভা বসত বলে এটি 'জেকোবিন ক্লাব' নামে পরিচিত হয়। এই ক্লাবের বহু শাখা ছিল। এই দল সম্পত্তির মালিকানার ভিত্তিতে ভোটাধিকারকে অগণতান্ত্রিক বলে মনে করত। তাদের লক্ষ্য ছিল ফ্রান্সে প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করা। সমাজের নিম্নস্তরের দারিদ্র-পীড়িত মানুষজন এই দলের সমর্থক ছিল।

জেকোবিন ক্লাবের কিছু সদস্য লাফায়েৎ-এর নেতৃত্বে 'ফিউল্যান্ট' নামে একটি নতুন ক্লাব তৈরি করে। এরা সংবিধান অনুযায়ী রাজার ক্ষমতা অক্ষুণ্ণ রাখার পক্ষে ছিল। জেকোবিনদের আরেকটি গোষ্ঠী ত্রিসো-র নেতৃত্বে একটি দল গঠন করে। প্রথমে তারা 'ত্রিসো-পন্থী' নামে পরিচিত ছিল। পরে তারা 'জিরন্ডিন' নামে পরিচিতি লাভ করে, কারণ এই দলের সদস্যরা জিরন্ডি প্রদেশ থেকে নির্বাচিত হয়েছিল।

১৭৯১ খ্রিস্টাব্দের সংবিধান অনুযায়ী, নির্বাচিত আইনসভায় চারটি গোষ্ঠী বা দল ছিল। (১) 'ফিউল্যান্ট' বা দক্ষিণপন্থী নিয়মতান্ত্রিক গোষ্ঠী। এরা আইনসভায় স্পীকারের ডানদিকে বসত। (২) জিরন্ডিন ও (৩) জেকোবিনরা স্পীকারের বামদিকে বসত বলে তারা বামপন্থী নামে পরিচিত ছিল। ফ্রান্সের জিরন্ডি প্রদেশ থেকে নির্বাচিত জিরন্ডিনরা ছিল রাজতন্ত্র-বিরোধী বা প্রজাতন্ত্রবাদী। জেকোবিনরা ছিল আরও উগ্র। তারাও ছিল রাজতন্ত্র-বিরোধী ও প্রজাতন্ত্রবাদী। তারা মাউন্টেন গোষ্ঠী নামেও পরিচিত ছিল, কারণ তারা আইনসভায় উঁচু দিকের আসনে বসত। (৪) এছাড়া ছিল মডারেট বা মধ্যপন্থী দল। এরা সভাকক্ষের মধ্যবর্তী আসনগুলিতে বসত। এরাই ছিল সংখ্যাগরিষ্ঠ। তারা মনে করত যে ১৭৯১ খ্রিস্টাব্দের সংবিধান দ্বারা বিপ্লবের সমাপ্তি ঘটেছে। জিরন্ডিন ও জেকোবিনদের মিলিত প্রয়াসে ১৭৯২ খ্রিস্টাব্দে এই আইনসভা ভেঙে যায়, রাজতন্ত্রের অবসান ঘটে এবং ফ্রান্সে প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

এ সময় হেবার্টিস্ট নামে একটি সমাজতন্ত্রী দল ছিল। সমাজতন্ত্রী হেবার্ট-এর অনুগামীদের হেবার্টিস্ট বলা হত। কালোবাজারী, মজুতদার ও ফাটকাবাজদের দমনের জন্য তারা আরও তীব্রতর সন্ত্রাসের পক্ষপাতী ছিল। রোবসপিয়ানের পতনের পর ডাইরেক্টরি-র শাসনকালে (১৭৯৫-৯৯ খ্রিঃ) ব্যাবেউফ নামক জনৈক সমাজতন্ত্রবাদীর নেতৃত্বে 'সোসাইটি অব প্যান্থিয়ন' নামে একটি রাজনৈতিক ক্লাব প্রতিষ্ঠিত হয়। এর অধিকাংশ সদস্যই ছিলেন জেকোবিন। বাবেউফ সামাজিক সাম্য ও সর্বসাধারণের ভোটাধিকার প্রতিষ্ঠা এবং ব্যক্তিগত সম্পত্তি বিলোপের পক্ষে ছিলেন। বুর্জোয়াশ্রেণী পরিচালিত দুর্নীতিগ্রস্ত ডাইরেক্টরি শাসনের বিরুদ্ধে বিদ্রোহ করে তিনি শাসন ক্ষমতা দখলের ব্যর্থ চেষ্টা করেন। তাকে প্রাণদণ্ড দেওয়া হয়।

